দৈনিক সংবাদ

তারিখ 30 NOV 1994
পৃষ্ঠা ৫ কলাম ?

লালমনিরহাট

# ৯৩ ভাগ শিশুই স্কুলে ভর্তি হয়েছে

(নিজস্ব বার্তা পরিবেশক)

২৯শে নভেম্বর।– একটি সাফল্য সংবাদ। লালমনিরহাট জেলায় ৬ বছর বয়সী বিদ্যালয় গমনোপযোগী শিশুদের মধ্যে শতকরা প্রায় ৯৩ ভাগই প্রাইমারি স্কুলে ভর্তি হয়েছে। উত্তরের সীমান্তবর্তী জেলা লালমনিরহাটে ৬ বছর বয়স এমন শিশুর সংখ্যা ৪৬ হাজার ৪শ' ৬৩। এদের মধ্যে প্রাইমারি স্কুলের প্রথম শ্রেণীতে ভর্তি হয়েছে ৪০ হাজার ৩শ' ৩০ জন।

এ জেলায় ৬ থেকে ১০ বছর বয়সী শিশু–কিশোরের সংখ্যা ১ লাখ ৬৫ হাজার ৭শ' ৬০। এদের মধ্যে প্রাইমারি স্কুলে পড়ছে ১ লাখ ২০ হাজার ৭শ' ৩৭ জন।

জেলা প্রশাসকের নেতৃত্বে লালমনিরহাট জেলায় একটি বিশেষ গণশিক্ষা কার্যক্রম পরিচালিত হচ্ছে ('সংবাদ'–এ এ নিয়ে ধারাবাহিক প্রতিবেদন প্রকাশিত হয়েছে)। প্রাপ্ত তথ্যে দেখা যায় দু'বছর আগেও এ জেলায় শিক্ষিতের হার ছিল শতকরা মাত্র ১০ ভাগ। এখন তা শতকরা ১৮ ভাগে দাঁড়িয়েছে। জেলার ৫টি থানায় সহস্রাধিক গণশিক্ষা কেন্দ্র খোলা হয়েছে। এগুলোতে রাতের বেলায় পড়তে আসছে বুড়োরা পর্যন্ত। এদের জন্যে বই–স্লেট ছাড়াও বসবার জন্যে চট–মাদুর, হারিকেন, তেল—এসব দেয়া হচ্ছে।

প্রাথমিক শিক্ষার জন্যে এ জেলায় রয়েছে ৩শ' সরকারি ও ৯০টি বেসরকারি প্রাইমারি স্কুল। এছাড়াও ৭টি কিন্ডার–গার্টেন ও এনজিও পরিচালিত ৪০টি স্কুল রয়েছে। দিনের বেলায় এগুলোতে শিশুরা পড়ে; রাতের বেলায় পড়তে আসে বয়স্করা। বয়স্ক পড়ুয়াদের স্কুলে উপস্থিতির হার শতকরা প্রায় ৯০ ভাগ।